



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/3/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল আয়-যোগ্য মেডিকেয়ার বেনিফিসিয়ারিদের জন্য সম্প্রসারিত
সহায়তার কথা ঘোষণা করেছেন

**2023 সালে বেনিফিসিয়ারিদের বার্ষিকভাবে প্রায় 7,000 ডলার বাঁচানোর জন্য নতুনভাবে
সম্প্রসারিত মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় কর্মসূচির সুযোগ-সুবিধায় অ্যাক্সেস**

**নভেম্বর থেকে 7 ডিসেম্বরের মধ্যে মেডিকেয়ার-এর ওপেন এনরোলমেন্ট চলাকালীন
বেনিফিসিয়ারিদের সহায়তা দেওয়ার জন্য এবং স্ক্রিন করানোর জন্য বিষয়মুখী
স্টেটব্যাপী স্বাস্থ্য বিমা কাউন্সেলিং কর্মসূচি উপলভ্য**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেন যে নতুনভাবে সম্প্রসারিত মেডিকেয়ার সংক্রান্ত
সঞ্চয় কর্মসূচির মাধ্যমে আরও নিউ ইয়র্কবাসী 2023 সালে অতিরিক্ত আর্থিক সহায়তা পাওয়ার
যোগ্য হবেন। FY 2023 স্টেট বাজেটের মধ্য দিয়ে অবলম্বন করে, বর্ধিত আয়-যোগ্যতার সীমা
বয়স্ক ব্যক্তি এবং অক্ষম ব্যক্তিদের স্বাস্থ্যসেবার খরচ মেটাতে অর্থপ্রদান করে সাহায্য করবে, যা
তাদের বছরে প্রায় 7,000 মার্কিন ডলার বাঁচাবে বলে অনুমান করা হয়।

"বয়স্ক ব্যক্তি এবং জন্ম থেকে অক্ষম ব্যক্তির যাতে নিজ সম্প্রদায়ে সম্মানের সাথে জীবনযাপন
করতে পারেন সেই ব্যাপারে সাহায্যের জন্য আমাদের একটি দায়িত্ব আছে," **গভর্নর হোকল
বলেন।** "মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় কর্মসূচির জন্য যোগ্যতা সম্প্রসারণ করে, নিউ
ইয়র্কবাসীদের একটি বড় সংখ্যা স্বাস্থ্যসেবার খরচে ভারাক্রান্ত থাকবে না বলে আমরা নিশ্চিত
করতে পারি। আমি সমস্ত যোগ্য বেনিফিসিয়ারিদের এই কর্মসূচিতে আবেদন করার জন্য
উৎসাহিত করি, যাতে তারা কিছু টাকাও বাঁচাতে পারেন এবং নিজেদের স্বাস্থ্যসেবার কভারেজ
উন্নত করতে পারেন।"

জানুয়ারি থেকে শুরু করে, মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় কর্মসূচির জন্য মাসিক আয় সংক্রান্ত
যোগ্যতার সীমা 2022 সালের জাতীয় দারিদ্র সীমা(federal poverty level)-র উপর নির্ভর করে
একজন ব্যক্তির জন্য আনুমানিক 2,107 ডলারে এবং এক দম্পতির জন্য 2,839 ডলারে বাড়ানো
হবে। নিউ ইয়র্কবাসীরা সারা বছর ধরে এবং ওপেন এনরোলমেন্টের সময় এই কর্মসূচির জন্য
আবেদন করতে পারেন, এই এনরোলমেন্টটি এই মাসের প্রথমদিকে শুরু হয়েছে এবং 7ই
ডিসেম্বর পর্যন্ত চলবে।

সম্প্রসারিত সহায়তা 2023 সালে কার্যকর হবে, তবে নতুন নির্দেশিকা অনুযায়ী বেনিফিসিয়ারিরা যোগ্য কিনা তা তাদের সবাইকে দেখে নিতে হবে। পরের বছর নতুন জাতীয় দারিদ্র সীমা কার্যকর হওয়ার পরেই অফিসিয়াল আয়ের সীমা আপডেট করা হবে। আনুমানিক হিসাব দেখে মনে হয় যে এই বেনিফিটগুলো মাসিক প্রিমিয়ামের খরচ এবং অতিরিক্ত সহায়তা বেনিফিটের মূল্য, ফেডেলার পার্ট D প্রেসক্রিপশনের ওষুধে ভর্তুকি সংক্রান্ত কর্মসূচি (prescription drug subsidy program)-র ভিত্তিতে নথিভুক্তকারীদের বার্ষিকভাবে গড়ে 7,000 ডলার করে বাঁচাবে।

এই মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় কর্মসূচিটি সীমিত আয়ে জীবনযাপন করা বয়স্ক ব্যক্তি এবং অক্ষম ব্যক্তিদের নিজস্ব মেডিকেয়ার পার্ট B প্রিমিয়ামগুলো প্রদান করে সাহায্য করে – এই বছর প্রতিমাসে প্রায় 170 ডলার এবং 2023 থেকে শুরু করে প্রতিমাসে 165 ডলার – এবং তাদের স্বয়ংক্রিয়ভাবে অতিরিক্ত সহায়তায় নথিভুক্ত করে। এই আর্থিক সহায়তা নথিভুক্তকারীদের নিজের মেডিকেয়ার কভারেজ বজায় রাখার সুযোগ দিয়ে, প্রয়োজনীয় পরিচর্যা অ্যাক্সেস দিয়ে এবং খাবার ও ভাড়ার মতো অত্যাবশ্যকীয় জিনিস কেনার ক্ষমতা দিয়ে বাঁচার একমাত্র আশ্রয় হয়ে উঠতে পারে।

স্টেটব্যাপী স্বাস্থ্য বিমা সংক্রান্ত তথ্য, কাউন্সেলিং এবং সহায়তা কর্মসূচির মাধ্যমে প্রতিটি কাউন্টিতে সহায়তাও পাওয়া যায়, যা বার্ষিক বিষয়ক নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office for the Aging) দ্বারা পরিচালিত। এই কর্মসূচিটি মেডিকেয়ার সহায়তা কর্মসূচি (Assistance Program)-র জন্য সহায়তা চেয়ে আবেদন করা মেডিকেয়ার বেনিফিসিয়ারিদের জন্য বিনামূল্যে বিষয়মুখী কাউন্সেলিংয়ের অথবা অন্য কোনও মেডিকেয়ার-সম্পর্কিত প্রশ্ন করার সুযোগ দেয়, এখন যেহেতু ফেডারেল মেডিকেয়ার-এর ওপেন এনরোলমেন্টের সময়কাল কার্যকর আছে।

স্টেটব্যাপী হেল্পলাইনের 1-800-701-0501 নম্বরে ফোন করে একজন স্থানীয় কাউন্সেলরের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। এই কর্মসূচির জন্য আবেদন সম্বন্ধে তথ্য [অনলাইনে](#) পাওয়া যেতে পারে।

বার্ষিক বিষয়ক নিউ ইয়র্ক স্টেটের অফিস-এর ডিরেক্টর গ্রেগ ওলসেন বলেন, "আমাদের গত বছরের পরিষেবা প্রদানকারীর নেটওয়ার্কের সাথে অতিরিক্তভাবে, 16,000 এর বেশি বেনিফিসিয়ারিকে মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় এবং অন্যান্য আয়-যোগ্য কর্মসূচির জন্য আমরা আবেদন করার ব্যাপারে সাহায্য করেছি, যা তাদের মেডিকেয়ার এবং প্রেসক্রিপশনের খরচে প্রায় 48 মিলিয়ন ডলারের বেশি বাঁচাতে সাহায্য করেছে। বয়স্ক ব্যক্তি এবং অক্ষম ব্যক্তিদের সহায়তার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতির বদান্যতায়, আমরা স্বাস্থ্যসেবার খরচ এবং অন্যান্য খরচ নিয়ে লড়াই করা নিউ ইয়র্কবাসীদের জন্য আরও বেশি সাহায্যের জন্য প্রস্তুত।"

মেডিকেয়ার রাইটস সেন্টার প্রেসিডেন্ট ফ্রেড রিকার্ডি বলেন, "2023 থেকে শুরু করে, এই ঐতিহাসিক পরিবর্তন প্রায় 300,000 এর বেশি নিউ ইয়র্কবাসীকে তাদের প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ বেনিফিটগুলো অ্যাক্সেস করতে সাহায্য করবে এবং তাদের দৈনন্দিন জীবনযাপনের খরচে সাহায্য করবে। এটি মেডিকেয়ার পার্ট B প্রিমিয়ামের পুরো খরচ প্রদান করে সরাসরি একজন যোগ্য ব্যক্তির সামাজিক নিরাপত্তার আয় বাড়াবে। মেডিকেয়ার-এর শরৎকালীন ওপেন

এনরোলমেন্ট হল সেই সময় যখন মেডিকেয়ার থাকা ব্যক্তির নিজেদের কভারেজের বিকল্পে
অবাধ পরিবর্তন করতে পারেন এবং আমরা সবাইকে মেডিকেয়ার সংক্রান্ত সঞ্চয় কর্মসূচির
জন্য স্ক্রিন করানোর এবং যোগ্য হলে আবেদন করার জন্য উৎসাহিত করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418